# মুখতাসার যাদুল মা'আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়্যিম (রহঃ)

হুদায়বিয়ার সন্ধির সাথে সংশ্লিষ্ট কতিপয় গুরুত্বপূর্ণ ঘটনা

- এই সন্ধির পর মক্কার খোযাআ গোত্র নাবী (ﷺ) এর সাথে যোগ দিল আর বনী বকর কুরাইশদের পক্ষ নিল।
- হুদায়বিয়ার বছর এই হুকুম নাযিল হল যে, ইহরাম অবস্থায় কেউ যদি অসুবিধার কারণে মাথা কামাতে বাধ্য হয়, তাহলে তাকে ফিদইয়া স্বরূপ তিন দিন সিয়াম রাখতে হবে, অথবা সাদকাহ করতে হবে অথবা একটি কোরবানী করতে হবে। বিধানটি নাযিল হয়েছিল কা'ব বিন উজরাকে কেন্দ্র করে।
- এই সন্ধির ঘটনায় নাবী (ﷺ) মাথা মুন্ডনকারীদের জন্য তিনবার এবং চুল খাটোকারীদের জন্য একবার দু'আ করেছেন।
- এই ঘটনার সময় দশ জনের পক্ষ হতে একটি উট এবং সাতজনের পক্ষ হতে একটি গরু কোরবানী বৈধ হওয়ার বিধান জানা যায়।
- এই ঘটনায় সূরা ফাতাহ নাযিল হয়।
- রসূল (ﷺ) যখন মদ্বীনায় ফেরত আসলেন, তখন একদল মু'মিন মহিলা আগমণ করলেন। আল্লাহ্ তা'আলা তাদেরকে মক্কায় ফেরত পাঠাতে নিষেধ করলেন। এর মাধ্যমে মহিলাদেরকে ফেরত পাঠানোর বিধান মানসুখ (রহিত) হয়ে যায়। আবার কেউ বলেছেন- এ বিষয়ে কুরআনের মাধ্যমে সুন্নাতকে খাস করা হয়েছে। এ মতটি খুব শক্তিশালী। আবার কেউ কেউ বলেছেন- শুধু পুরুষদেরকেই ফেরত দেয়ার ব্যাপারে চুক্তি হয়েছিল। তবে মুশরিকরা উভয় শ্রেণীর ক্ষেত্রেই শর্তটি কার্যকর রাখতে চেয়েছিল। কিন্তু আল্লাহ্ তা'আলা তা প্রত্যাখ্যান করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3945

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন